

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩১৮৮
আগরতলা, ৩ অক্টোবর, ২০২৩

মুখ্যমন্ত্রী পুষ্প উদ্যান প্রকল্প
পশ্চিম ত্রিপুরা জেলায় গাঁদা ফুল চাষে সহায়তা

মুখ্যমন্ত্রী পুষ্প উদ্যান প্রকল্পে চলতি অর্থবছরে পশ্চিম ত্রিপুরা জেলার ৭৯টি হেক্টর জমি গাঁদা ফুল চাষের আওতায় আনার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। এতে জেলার ৬৪০ জন ফুলচাষী উপকৃত হবেন। এই প্রকল্পে জেলার মোহনপুর ব্লকে ১২০ জন, লেফুঙ্গা ব্লকে ৫৫ জন, বামুটিয়া ব্লকে ১১৫ জন, জিরানীয়া ব্লকে ৫৬ জন, বেলবাড়ি ব্লকে ৩৪ জন, পুরাতন আগরতলা ব্লকে ৬২ জন, ডুকলি ব্লকে ৮৭ জন, হেজামারা ব্লকে ৬৮ জন, মান্দাই ব্লকে ৪৩ জন ফুলচাষী উপকৃত হবেন। এই কর্মসূচি রূপায়ণে প্রতি হেক্টরে ব্যয় হবে ৪০ হাজার টাকা। পশ্চিম ত্রিপুরা জেলা উদ্যান ও ভূমি সংরক্ষণ কার্যালয় থেকে এ সংবাদ জানানো হয়েছে।
